মেহেরপুরের নতুন এসপি এস এম নাজমুল হক

নির্বাচন কমিশনের (ইসি) নির্দেশের পর দুই মহানগর পুলিশের কমিশনার এবং পাঁচ জেলার পুলিশ সুপারদের (এসপি) অন্যত্র বদলি করে সেখানে নতুন কমিশনার ও এসপি নিয়োগের প্রস্তাবে অনুমোদন দিয়েছে ইসি।

মেহেরপুরে নতুন এসপি যোগদান করছেন ডিএমপির উপপুলিশ কমিশনার এস এম নাজমুল হক। তিনি ডিএমপির কাউন্টার টেরোরিজম ইনভেষ্টিগেশন বিভাগের দায়িত্বে ছিলেন।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের জ্যেষ্ঠ সচিবের মাধ্যমে ইসিতে এই প্রস্তাব করা হয়েছিল। আজ সোমবার তাতে অনুমোদন দিয়েছে ইসি।
মেহেরপুরের এসপি মো. রাফিউল আলমকে পিবিআইয়ের এসপি হিসেবে বদলি করা হয়েছে। আর মেহেরপুরে এসপি পদে তাঁর স্থলাভিষিক্ত হচ্ছেন ডিএমপির উপপুলিশ কমিশনার এস এম নাজমুল হক।

গতকাল রোববার ব্রাহ্মণবাড়িয়ার ডিসি, বরিশাল ও সিলেট মহানগরের পুলিশের কমিশনার এবং হবিগঞ্জ, পিরোজপুর, নোয়াখালী, সাতক্ষীরা ও মেহেরপুরের পুলিশ সুপারকে তাঁদের নিজ নিজ কর্মস্থল থেকে প্রত্যাহারের সিদ্ধান্তের কথা জানায় ইসি। একই সঙ্গে তাঁদের জায়গায় অভিজ্ঞ ও যোগ্য কর্মকর্তাদের পদায়নের প্রস্তাব ইসিতে পাঠানোর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিবদের চিঠি দেয় ইসি। এ ছাড়া মানিকগঞ্জ সদর, সিংগাইর ও গাজীপুরের শ্রীপুর থানার ওসিকে জেলার বাইরে বদলির নির্দেশ দিয়েছে ইসি।

গাংনীতে অধিক মুল্যে মাংস

বিক্রয়, দুই ব্যবসায়ীকে জরিমানা

সরকার নির্ধারিত মুল্য না মেনে বেশি দামে গরুর মাংস বিক্রির অপরাধে মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে দুই মাংস ব্যবসায়ীর নিকট থেকে ৭ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমান আদালত। সোমবার (১১ ডিসেম্বর) সকাল ১১টার দিকে গাংনী উপজেলার কাথুলী মোড় ও বড় বাজার এলাকায় অভিযান চালিয়ে এ জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম বিষয়টি নিশ্চিত করেছেন।

অভিযানের প্রথমে গাংনী পৌর এলাকার কাথুলী মোড় বাজারে শিশিরপাড়া গ্রামের সিদ্দিক আলীর ছেলে আলমগীর হোসেনকে সরকারি দামের চেয়ে বেশি দামে মাংস বিক্রি করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯ এর ৩৮ ধারা ভঙ্গের অপরাধে মালিক তার দোষ স্বীকার করায় দুই হাজার টাকা অর্থ দন্ড আদায় করা হয়।

অন্যদিকে, গাংনী বড় বাজার এলাকায় উত্তর পাড়া গ্রামের আব্দুল গফুরের ছেলে জাহাঙ্গীর হোসেনকে ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯ এর ৩৮ ধারা ভঙ্গের অপরাধে পাঁচ হাজার টাকা অর্থ দন্ডে দন্ডিত করা হয়।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান ভ্রাম্যমান আদালতের বিচারক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম।

মেহেরপুর জেনারেল হাসপাতালে রোগীর স্বজনদের হামলা, ভাংচুর

মেহেরপুর জেনারেল হাসপাতালে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সেবিকা ও ওয়ার্ড বয়দের উপর হামলা চালিয়ে রোগীরা স্বজনরা। এসময় বেশ কিছু

আসবাবপত্রও ভাংচুরের ঘটনা ঘটেছে। এ ঘটনায় নিরাপত্তাহীনতার কারণে কর্মবিরতিতে যাওয়ার কথা চিন্তা করছে মেহেরপুর জেনারেল হাসপাতাল কর্তৃপক্ষ।

সোমবার (১১ ডিসেম্বর) সকাল সাড়ে দশটার দিকে এ ঘটনা ঘটে। অভিযোগ উঠেছে সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন চেয়ারম্যানের লোকজনের উপর।

জানা গেছে, সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান মতিউর রহমানের আত্মিয় একই ইউনিয়নের গোপালপুর গ্রামের আলী হোসেন (৭২) পুরুষ ওয়ার্ডের বি-৩২ নম্বর বেডে চিকিৎসাধীন রয়েছেন। সকালে ওয়ার্ড ভিজিটের সময় রোগীর এটেনডেন্টকে ওয়ার্ডের বাইরে অপেক্ষা করতে বললে, তিনি সংক্ষুব্ধ হয়ে কয়েকজনকে ফোন দেন। এসময় শ্যামপুর ইউপি চেয়ারম্যান মতির ছোট ভাইসহ বহিরাগত আট দশ জন এসে ওয়ার্ডব, নার্স ও ডাক্তারদের উপর চড়াও হয়। এসময় ওয়ার্ড বয় হিমেল, ওয়ার্ড মাস্টার সেলিম সহ কয়েকজন আহত হয়।

হামলার ঘটনা জানতে পেরে মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে নেন এবং সংক্ষুব্ধদের তার কার্যালয়ে ডেকে নিয়ে যান। সেখানে কথা বলার ফাঁকে বহিরাগত আরো কয়েকজন সেখান থেকে বের হয়ে পাশে হাসপাতালের হিসাবরক্ষকের রুমে ভাঙচুর চালায়। এ সময় সিনিয়র স্টাফ নার্স বিউটি খাতুনসহ কয়েকজন সেবিকা ও ওয়ার্ডবয় লাঞ্ছিত হয়। ঘটনার পর শ্যামপুর ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতি ঘটনাস্থলে উপস্থিত হয়ে চিকিৎসকদের সঙ্গে সমঝোতার চেষ্টা করেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আাবাসিক মেডিক্যাল অফিসার (আরএমও) মো: ওবায়দুল্লাহ বলেন, ‘হাসপাতালে ওয়ার্ড ভিজিটের সময় এ ধরনের অনাকাঙ্খিত ঘটনা একটি নিয়মিত ব্যাপারে পরিণত হয়েছে। এর বেশি আমি আর কিছু বলতে পারব না।

শ্যামপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মতিউর রহমান মতি বলেন, ‘ঘটনার কথা শুনে আমি হাসপাতালে গেছিলাম।হাসপাতাল সুপারের সাথে কথা হয়েছে। ছোট একটা ভুল বোঝাবুঝি হয়েছিল, সমঝোতার প্রক্রিয়া চলছে।’

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জামির মোঃ হাসিবুর সাত্তার বলেন, ‘মেহেরপুর জেনারেল হাসপাতালে এ ধরনের ঘটনা প্রতিনিয়তই ঘটছে। তবে একজন জনপ্রতিনিধি আত্মীয়-স্বজনের কাছ থেকে এ ধরনের আচরণ কাম্য নয়। তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে তারা আজকে যে

তাণ্ডব চালিয়েছে এতে হাসপাতলের সকল কর্মকর্তা কর্মচারী নিরাপত্তাহীনতায় ভুগছে। হাসপাতালের সকল স্টাফ কর্ম বিরতিতে যেতে চাচ্ছে। আমরা হাসপাতালের সকল স্টাফ মিটিংয়ে বসে একটি সিদ্ধান্ত নেব। আগের ঘটনাগুলোতে পুলিশে অভিযোগ করে কোন ফল পাওয়া যায়নি, আমরা সিদ্ধান্ত নিয়েছি এবার আদালতে মামলা করব।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শেখ কনি মিয়া বলেন, ‘হাসপাতাল কর্তৃপক্ষ কোন অভিযোগ করেনি। আমি বাইরে থেকে ঘটনা শুনে ইন্সপেক্টর তদন্তকে ঘটনাস্থলে পাঠিয়েছি। লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে। ‘

গাংনীতে ১৬৭৬ পিস ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

আজ সোমবার (১১ ডিসেম্বর) সকালে উপজেলার তেরাইল বাজার এলাকায় মেহেরপুর র্যাব ক্যাম্পের কমাণ্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান এর নেতৃত্বে অভিযান পরিচালনা করে ১৬৭৬ পিস ইয়াবা ট্যাবলেট সহ দুজন চিহিৃত মাদক ব্যবসায়ীকে আটক করে র্যাব।

আটককৃতরা হচ্ছে চট্রগ্রাম রাউজান উপজেলার কদলপুর আমিরপাড়া নুর মিয়ার ছেলে সোলেমান হায়দার (৪৫) ও মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামরে মৃত আব্দুল গণির ছেলে জাহাঙ্গীর আলম (৩৭)।

র্যাব-১২ সিপিসি-৩ কোম্পানী কমান্ডার সহকারি পুলিশ সুপার মনরিুজ্জামান সোমবার দুপুরে এক প্রেস প্রেস ব্রিফিংয়ে অভিযানের বিষয়টি সাংবাদিকদের সামনে তুলে ধরনে।

তিনি জানান, চট্রগ্রাম থেকে ইয়াবা সংগ্রহ করে ঢাকায় আসে সোলেমান হায়দার। গতকাল রাতে ঢাকা থেকে পরিবহনযোগে ইয়াবা নিয়ে গাংনীর তেরাইলে বিক্রয়ের উদ্দশ্যে আসে। তেরাইল বাজারে অবস্থান করার সময় অভিযান চালায় র্যাব। এ অভিযানে সোলেমান ও তার স্থানীয় সঙ্গী জাহাঙ্গীর আলমকে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে উদ্ধার করা হয়

১ হাজার ৬৭৬ পিস ইয়াবা। তাদের দু’জনের নামে বিভিন্ন থানায় মাদকের একাধিক মামলা রয়ছে। তারা চিহ্নিত মাদক ব্যবসায়ী বলেও জানান র্যাব কমান্ডার।

র্যাব সুত্রে জানা গেছে, আটক দু’জনের নামে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

ডা. সাগর ও তার স্ত্রীর দুটি ফ্ল্যাট, ২৫০ ভরি অলংকার

দ্বাদশ সংসদ নির্বাচনে মেহেরপুর-২ (গাংনী) সংসদীয় আসনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেয়েছেন ডা. এ এস এম নাজমুল হক সাগর। প্রথমবার জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে যাওয়া ডা. এ এস এম নাজমুল হক নাজমুল হক সাগরের বর্তমান পেশা ব্যবসা ও গৃহ সম্পত্তি ভাড়া।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের মনোনয়নপত্রের সাথে দেওয়া হলফনামা বিশ্লেষণ করে জানা গেছে, আওয়ামী লীগ প্রার্থী ডা. এ এস এম নাজমুল হক সাগরের কৃষি খাত থেকে বার্ষিক আয় ১ লক্ষ ৮২ হাজার ২৮০ টাকা, বাড়ি ও দোকান ভাড়া থেকে আয় ৮ লক্ষ ৬৪ হাজার টাকা, ব্যবসা সূত্রে বছরে তিনি আয় করেন ১২ লক্ষ ৪৩ হাজার ৩৩৩ টাকা এবং সঞ্চয়পত্র থেকে ২৫ হাজার ১১৪ টাকা।

হলফনামা অনুযায়ী তার অস্থাবর সম্পদের মধ্যে তার রয়েছে নগদ আছে ৫ লক্ষ টাকা, ব্যাংকে জমা আছে ১৫ লক্ষ টাকা, সেভিংস সার্টিফিকেট আছে ৩ লক্ষ ৯৫ হাজার ৩১২ টাকার, ৩ লক্ষ ৯৫ হাজার টাকা মূল্যের একটি গাড়ি, ১০০ ভরি স্বর্ণ ও ৬০ ভরি রুপা, ৩ লাখ ৫০ হাজার টাকা সমমূল্যের ইলেকট্রনিক সামগ্রী, ৫০০০০ টাকা সমান মূল্যের আসবাবপত্র এবং বিভিন্ন ব্যবসায় বিনিয়োগকৃত ১ কোটি ৪ লক্ষ টাকা।

অপরদিকে তার স্ত্রীর অস্থাবর সম্পদের মধ্যে রয়েছে নগদ ৫ লাখ টাকা, ব্যাংকে জমা ১৭ লাখ টাকা, সঞ্চয়পত্রের বিনিয়োগ ২ লাখ ৯০ হাজার টাকা, ৫ লাখ টাকা সমমূল্যের একটি মোটর গাড়ি, ৫০ ভরি

স্বর্ণ ও ৪০ ভরি রুপা, ২ লাখ টাকা সমমূল্যের ইলেকট্রনিক্স সামগ্রী ও আমলের আসবাবপত্র।

নাজমুল হক সাগরের স্থাবর সম্পদের মধ্যে রয়েছে, উত্তরাধিকার সূত্রের প্রাপ্ত সাড়ে ৩ একর কৃষিজমি, অকৃষি জমি রয়েছে ২৬ শতক অর্জনকালীন সময়ে যার মূল্য ছিল ৯৫ লাখ ২০ হাজার টাকা, একটি এপার্টমেন্ট রয়েছে ৯৮ লক্ষ টাকা মূল্যের। অপরদিকে তার স্ত্রীর রয়েছে পৈত্রিক সূত্রে প্রাপ্ত দুই বিঘা কৃষি জমি, ৩৫ লাখ টাকা সমমূল্যের একটি এপার্টমেন্ট।

জানা গেছে, গাংনী থানা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা ও আজীবন সভাপতি, প্রাদেশিক পরিষদের সদস্য, গণপরিষদ সদস্য ও পরবর্তীতে সংসদ সদস্য নুরুল হকের ছেলে এ এস এম নাজমুল হক। তার মেজ বোন সেলিনা পারভীন ২০১৪ সালে সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য ছিলেন। শিক্ষা জীবনে ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন।

১৯৯২-৯৩ সালে তিনি রাজশাহী মেডিকেল কলেজ শাখার দপ্তর সম্পাদক নির্বাচিত হন। ১৯৯৪-৯৫ সালে সাধারণ সম্পাদক এবং সভাপতি হিসেবে ১৯৯৫-৯৭ সালে রাজশাহী মেডিকেল কলেজ শাখার ছাত্রলীগের নেতৃত্ব দিয়েছেন। সরকারি চাকরিজীবী হিসাবে তিনি ২৩তম বিসিএসের স্বাস্থ্য ক্যাডারে যোগদান করেন। তবে সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ করতে ২০২০ সালে (চাকরির মেয়াদ ছিল ২০৩২ সাল পর্যন্ত) সরকারি চাকরি থেকে স্বেচ্ছায় অবসর নেন তিনি।

আপিলে প্রার্থিতা ফেরত পেলেন মোখলেসুর রহমান মুকুল

দ্বাদশ সংসদ নির্বাচনের মনোনয়নপত্র বাতিলের রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে নির্বাচন কমিশনে (ইসি) করা আপিলের মাধ্যমে প্রার্থিতা ফিরে পেয়েছেন মোখলেসুর রহমান মুকুল। তিনি মেহেরপুর-২ সংসদীয় আসনের জন্য স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছিলেন।

আজ রবিবার সকাল ১০টায় রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশনে এই আপিল শুনানি শুরু হয়, চলবে ১৫ ডিসেম্বর পর্যন্ত। প্রার্থিতা বাতিল ও বৈধ প্রার্থীর বিরুদ্ধে আপিল শুনানির প্রথম দিনে ৯৪টি আবেদনের শুনানি করেছে নির্বাচন কমিশন (ইসি)। এর মধ্যে ৩২ জনের আপিল নামঞ্জুর এবং ৬টি আবেদন সিদ্ধান্তের অপেক্ষায় রাখা হয়েছে এবং ৫৬ জনের প্রার্থিতা ফেরত পেয়েছেন।

আপিলের প্রার্থীতে ফেরত পাওয়া মোখলেসুর রহমান মুকুল গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক। তিনি মেহেরপুর-২ (গাংনী) আসন থেকে আওয়ামী লীগের মনোনয়ন সংগ্রহে ব্যর্থ হয়ে স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। যাচাই-বাছাইকালে মেহেরপুর জেলা রিটার্নিং কর্মকর্তা তার মনোনয়নপত্র অবৈধ বলে ঘোষণা করেছিলেন।

মেহেরপুরে সফল জননী নির্বাচিত হলেন নহরজান খাতুন

মেহেরপুরে সফল জননী নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের মৃত কোবাদ আলীর স্ত্রী মোছাঃ নহরজান খাতুন।

গতকাল শনিবার (৯ ডিসেম্বর) মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থার উদ্যোগে রোকেয়া দিবস পালন ও সফল জয়িতাদের সংবর্ধনা প্রদানের সময় এ সন্মাননা ক্রেস্ট তার হাতে তুলে দেয় জেলা প্রশাসক শামীম হাসান ।

জয়িতা অকন্বেষণে বাংলাদেশ শীর্ষক কার্যক্রমের আওতায় মেহেরপুর জেলা পর্যায়ে শ্রেষ্ঠ ৫ জন জয়িতাকে সংবর্ধনা, ক্রেষ্ট ও সনদপত্র প্রদান করা হয়েছে। তাদের মধ্যে মেহেরপুর জেলায় সফল জননী নির্বাচিত হন গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামে মোছাঃ নহরজান খাতুন।

নহরজান খাতুনের স্বামী কোবাদ আলী ১৯৯৬ সালে মৃত্যু বরণ। তারপর

তিনি ৭ পুত্র ও ৩ কন্যাকে অত্যাধিক বিচক্ষণতা ও সংগ্রামের মধ্য দিয়ে উচ্চ শিক্ষায় শিক্ষিত করে সমাজে সু-নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করেছেন। এ ছাড়াও তিনি বৃদ্ধ শ্বশুর শাশুড়িকে নীজ পিতা মাতার ন্যায় দেখভাল করেছেন। ২০১৫ সালে তিনি পবিত্র মক্কা শরীফে হজ্জ পালন করেছেন।

নহরজান খাতুনের সন্তানদের মধ্যে বড় সন্তান আনিসুর রহমান কুষ্টিয়া জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা হিসেবে কর্মরত, কন্যাদের মধ্যে বড় নাসিমা খাতুন গাংনী উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা, পুত্র আইনুল হক বাংলাদেশ টেলিভিশন সহ বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় মেহেরপুর জেলা সংবাদদাতা হিসেবে দীর্ঘদিন সাংবাদিকতা পেশায় নিয়োজিত ছিলেন। বর্তমানে সুইডেনে নাগরিকত্ব অর্জন করে শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সহ বিভিন্ন পত্র পত্রিকায় সাংবাদিকতা পেশায় নিয়োজিত রয়েছেন। আলমগীর হোসেন ঢাকা থেকে প্রকাশিত জাতীয় দৈনিক সময়ের আলো পত্রিকায় সিনিয়র স্টাফরিপটার হিসেবে কর্মরত। ছোট পুত্র ইঞ্জিনিয়ার জিল্লুর রহমান বিজিএমইএ বিশ্ববিদ্যালয়ে কর্মরত। সর্ব কনিষ্ঠ কন্যা তাসলিমা আক্তার ৪১ তম বিসিএস ননক্যাডারে কর্মকর্তা হিসেবে চলতি বছরে নিয়োগ প্রাপ্ত হয়েছে। এছাড়াও অন্যান্য সন্তানেরা সরকারের বিভিন্ন কর্মকর্তা পদে কর্মরত রয়েছেন। সন্তানেরা কর্ম ক্ষেত্রে বিভিন্ন এলাকায় ছড়িয়ে ছিটিয়ে থাকলেও পারিবারিক বন্ধনে আবদ্ধ রয়েছে।

নহরজানের সফল মাতৃত্বের ছায়াতলে এই পরিবারটি এলাকার মধ্যে একটি আদর্শ পরিবার হিসেবে পরিচিতি লাভ করেছে।

মুজিবনগরে ম্যানেজিং কমিটি ও শিক্ষকদের মতবিনিময় সভা

মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর পার্টনার প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি ও শিক্ষকদের সাথে মতবিনিময় সভা করেছে গুডনেইবারর্স।

রবিবার বিকেলে গুডনেইবার্স এর বল্লভপুর প্রজেক্ট অফিস চত্তরে এই

মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিভোব দেওয়ানের সভাপতিত্বে এবং সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দীন,বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর এডমিন অফিসার অশোক মালাকার।

ম্যানেজিং কমিটির কার্যক্রম, অংগ্রহনকারী স্কুলের গুলোর ম্যানেজিং কমিটির বর্তমান কার্যক্রম, শিক্ষার্থীদের উপস্থিতি এবং পরীক্ষায় পাসের হার কীভাবে বাড়ানো যায়।

এসএমসি ভূমিকা, দায়িত্ব এবং উন্নতির ক্ষেত্রে কি কি পদক্ষেপ গ্রহণ করা উচিত এ সম্পর্কে আলোচনা করেন, অনুষ্ঠানের প্রধান অতিথি,বিশেষ অতিথি এবং অংশগ্রহনকারী বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ।

মতবিনিময় সভার শুরুতে প্রোগ্রামের উদ্দেশ্য শেয়ার করেন মতবিনিময় সভার সভাপতি বিভোব দেওয়ান। উন্মুক্ত আলোচনা এবং শেষে সভাপতির অনুপ্রেরণামূলক এবং সমাপনী বক্তৃতার মধ্যদিয়ে মতবিনিময় সভার সমাপ্তি হয়।

মতবিনিময় সভায় গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির ১০ টি পার্টনার স্কুলের ১০ জন শিক্ষক এবং ২০ জন ম্যানেজিং কমিটির সদস্য অংশগ্রহন করেন।

মেহেরপুরে বিশ্ব মানবাধিকার দিবস পালিত

মেহেরপুরে বিশ্ব মানবাধিকার দিবস ও আন্তর্জাতিক দিবস পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে র্যালী,আলোচনা সভা, আর্থিক সহায়তা ও উপকরণ বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

“সকলের জন্য স্বাধীনতা,সমতা এবং ন্যায়বিচার”এই প্রতিপাদ্যে রবিবার (১০ই ডিসেম্বর) সকাল ১১ টার সময় মেহেরপুর আইনী সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশনের আয়োজনে সরকারি মহিলা কলেজের হল রুমে এ আলোচনা সভার আয়োজন করা হয়।

আসক ফাউন্ডেশনের সভাপতি ও মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলমের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম।

ফাউন্ডেশনের সাধারণ সম্পাদিকা দিলারা জাহানের সঞ্চালনায় এসময় খুলনা বিভাগীয় সহ-সভাপতি সাংবাদিক মিজানুর রহমান,গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক সাংবাদিক মাহাবুব আলমসহ ফাউন্ডেশনের সদস্য, সমাজসেবক , শিক্ষক- শিক্ষিকা, এনজিওকর্মী , সাংবাদিকবৃন্দু ও কলেজের ছাত্রীরা উপস্থিত ছিলেন।

এর আগে বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষে একটি র্যালী বের করা হয়। র্যালীটি মেহেরপুর প্রেসক্লাবের সামনে থেকে শুরু হয়ে মহিলা কলেজের সামনে গিয়ে শেষ হয় এবং সারাদিন ব্যাপি দুস্থ অসহায় মানুষের জন্য ফ্রি রক্তদান কর্মসূচি চলে।

আলোচনা সভার শেষে তিনটি অসহায় পরিবারকে সচ্ছলতার জন্য একজনকে সবজির ব্যবসা, চায়ের দোকানের ব্যবস্থা ও অপর জনকে সেলাই মেশিন সহ আর্থিক সহায়তা প্রদান করা হয়।

আচরণবিধি লঙ্ঙ্ঘনের অভিযোগে প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনকে শোকজ

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের আওয়ামী লীগ প্রার্থী ফরহাদ হোসেনকে শোকজ করেছে নির্বাচন অনুসন্ধান কমিটি।

আজ রবিবার মেহেরপুরের যুগ্ম জেলা ও দায়রা জজ ও নির্বাচন অনসন্ধান কমিটির মেহেরপুর-১ আসনের চেয়ারম্যান এইচ এম কবির হোসেন এ শোকজ

করেন।

শোকজন নোটিশে বলা হয়েছে, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও আওয়ামী লীগ প্রার্থী গত ৯ ডিসেম্বর মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজার শোলমারীরস্থ বাসভবনের সামনে নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করেন এবং সরকারি গাড়ি যোগে এবং পুলিশ প্রটৌকল সহকারে জসভায় উপস্থিত হন। যা সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা ২০০৮ এর বিধি ১২ ও ১৪ (২) এর লঙ্ঘন।

আগামী ১২ ডিসেম্বর দুপুর ১২ টার সময় জেলা নির্বাচন অনুসন্ধান কমিটির কার্যালয়ে প্রার্থী স্বশরীরে অথবা মনোনিত প্রতিনিধিকে উপস্থিত হয়ে কারণ দর্শানোর নির্দেশ দেওয়া হলো।